



সাময়িক বরখাস্ত সাবেক পুলিশ সুপার আপেল মাহমুদ



সাবেক পুলিশ সুপার আপেল মাহমুদ। ছবি: সংগৃহীত

সাবেক পুলিশ সুপার ও সুপারনিউমারারি অতিরিক্ত ডিআইজি মো. আপেল মাহমুদকে সরকারি চাকরি থেকে সাময়িক বরখাস্ত করেছে সরকার।

মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরীর সই করা এক প্রজ্ঞাপনে এ সিদ্ধান্তের কথা জানানো হয়।

প্রজ্ঞাপনে বলা হয়েছে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা অনুযায়ী আপেল মাহমুদকে সাময়িক বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন বলে বিবেচিত হয়েছে। এ কারণে তাকে সরকারি চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

আপেল মাহমুদ সর্বশেষ কক্সবাজারে ট্যুরিস্ট পুলিশের রিজিয়নে দায়িত্ব পালন করেন। বর্তমানে তিনি রাজশাহী রেঞ্জ ডিআইজির কার্যালয়ে সংযুক্ত রয়েছেন। সাময়িক বরখাস্তের সময়ও তিনি ওই কার্যালয়ে সংযুক্ত থাকবেন।

প্রজ্ঞাপন অনুযায়ী বরখাস্তকালীন বিধি অনুযায়ী খোরপোষ ভাতা পাবেন তিনি। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

LENS ASIA